

(প্রেস বিজ্ঞপ্তি)

২৬ মে ২০২২

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

## অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে পণ্য উৎপাদনের দায়ে ফুড ফেয়ারকে ২ লক্ষ ৮০ হাজার ও বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ ৩৬ হাজার টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে অস্বাস্থ্যকর, নোংরা ও দুর্গন্ধময় পরিবেশে মিষ্টান্ন ও বেকারী পণ্য উৎপাদন এবং কারখানা কর্মরত কর্মীদের স্বাস্থ্য সনদ না করায় আত্মবাদ রঙ্গীপাড়াস্থ ফুড ফেয়ার কারখানাকে ২ লক্ষ ৮০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে রঙ্গীপাড়া কাঁচা বাজার এলাকায় বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান থেকে ১০টি বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ ৩৬ হাজার ৮ শত ২০ টাকা, আয়কর বাবদ ২৭ হাজার ৩ ভ্যাট বাবদ ৩ হাজার টাকা আদায় করা হয় এবং ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা করে কর ফাঁকি দেওয়ার দায়ে ২ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৮ হাজার জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩